# শৈত্য প্রবাহে বোরো ধান চাষাবাদে কৃষক ভাইদের করণীয়

শৈত্য প্রবাহের কারণে বোরো ধানের চারা হলুদাভ হয়ে ক্রমশঃ শুকিয়ে যায়। এছাড়াও শীতের প্রকোপে চারা পোড়া বা চারা ঝলসানো রোগের আক্রমণে মারা যেতে পারে। শৈত্য প্রবাহ শুরু হলে কৃষক ভাইদের বোরো ধান চাষাবাদে বাড়তি কিছু যত্ন নেয়া জরুরী ।

করণীয় :

- ❖ শৈত্য প্রবাহের সময় বীজতলা স্বচ্ছ পলিথিন দিয়ে সকাল ১০টা থেকে সন্ধ্যা পর্যন্ত ঢেকে রাখতে হবে।
- ❖ বীজতলায় ৩-৫ সেন্টিমিটার পানি ধরে রাখতে হবে। বীজতলার পানি সকালে বের করে দিয়ে আবার নতুন করে পানি দিতে হবে। এক্ষেত্রে নলকূপের পানি ব্যবহার করা ভালো।
- ❖ প্রতিদিন সকালে চারার পাতায় জমাকৃত শিশির ঝরিয়ে দিতে হবে। এতে মাটিতে পানি সংযোগ হয় এবং বীজতলায় ঠান্ডার মাত্রা কমে।
- ❖ চারা পোড়া বা ঝলসানো রোগ দমনের জন্য রোগের প্রাথমিক অবস্থায় প্রতি লিটার পানিতে ২ মিলি লিটার আজোঅক্সিস্ট্রবিন বা পাইরাক্লোস্টবিন জাতীয় ছত্রানাশক মিশিয়ে বিকালে বীজতলায় স্প্রে করতে হবে ।
- ❖ বীজতলায় চারা হলুদ হয়ে গেলে প্রতি শতক জমিতে ২৮০ গ্রাম হারে ইউরিয়া সার প্রয়োগ করতে হবে। ইউরিয়া প্রয়োগের পরও চারা সবুজ না হলে প্রতি শতক জমিতে ৪০০ গ্রাম হারে জিপসাম সার প্রয়োগ করতে হবে।
- ❖ জমিতে রোপনের জন্য কমপক্ষে ৩৫-৪৫ দিনের চারা ব্যবহার করতে হবে। এ বয়সের চারা রোপণ করলে শীতে চারার মৃত্যুর হার কমে, চারা সতেজ থাকে এবং ফলন বেশি হয়।
- ❖ চারা রোপণকালে শৈত্য প্রবাহে শুরু হলে কয়েকদিন দেরি করে তাপমাত্রা স্বাভাবিক হলে চারা রোপণ করতে হবে।
- ❖ রোপনের পর শৈত্য প্রবাহ হলে জমিতে ৫-৭ সেন্টিমিটার পানি ধরে রাখতে হবে।
- ❖ শীতের তীব্রতা ও চারার বয়স বিবেচনায় সমন্বিত ফসল ব্যবস্থাপনা পদ্ধতি অনুসরণ করে অধিক ফলন পাওয়া সম্ভব।

**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**

লালমোহন, ভোলা।